

ফরম পূরণে অতিরিক্ত ফি, তদন্ত কমিটি

■ নাটোর প্রতিনিধি
নাটোরের নলডাঙ্গা শহীদ নজমুল হক ডিগ্রি কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। গত বুধবার দুপুরে এমন অভিযোগ এনে ওই কলেজের কয়েকজন শিক্ষার্থীসহ অভিভাবকরা উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। তবে এই অভিযোগকে কলেজ কর্তৃপক্ষ ভিত্তিহীন বলে দাবি করেছেন। ঘটনা তদন্তে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

শিক্ষার্থীদের অভিযোগ, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণে বোর্ড কর্তৃক বিজ্ঞান বিভাগের জন্য দুই হাজার ৯৫, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য এক হাজার ৯৫৫ টাকা নির্ধারণ করা হলেও কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের কারও কাছ থেকে ৩৯শ' কারও কাছ থেকে ৩৫ থেকে ৩৬শ' টাকা করে আদায় করছে। বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে

অভিযোগের পর অনেক শিক্ষার্থীর কাছ থেকে ২৫শ' টাকা করে নেওয়া হয়েছে। তাদের অভিযোগ ফরম পূরণে বৈষম্য করা হচ্ছে।

শহীদ নজমুল হক ডিগ্রি কলেজের অধ্যক্ষ শাহ মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এ অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করে জানান, শিক্ষার্থীদের কলেজের সেশন চার্জ, বেতন, বিদ্যাৎ বিলসহ বোর্ড নির্ধারিত ফি

মিলেই সমুদয় টাকা পরিশোধ করে ফরম পূরণের কথা বলা হয়েছে। কিন্তু তারা আপত্তি দিলে গভর্নিং বোর্ডের সভা ডেকে সবার হাতামতের ভিত্তিতে চালাওভাবে প্রতি শিক্ষার্থীকে বিজ্ঞান বিভাগের ১১শ' এবং মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য ৮শ' টাকা করে কম নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই সিদ্ধান্ত মোতাবেক অর্থ নিয়ে ফরম পূরণ করা হচ্ছে।

নলডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আক্তার জাহান জানান, এই ঘটনায় শিক্ষার্থীসহ অভিভাবকদের কাছ থেকেও লিখিত অভিযোগ পেয়েছি।

**নলডাঙ্গা শহীদ
নজমুল হক
ডিগ্রি কলেজ**